

## আপনার ওষুধের কোনো পার্শ্ব-প্রতিক্রিয়া? ইয়েলো কার্ড স্কিম ব্যবহার করে এই ব্যাপারটি জানান

### ওষুধপত্র প্রত্যেকের জন্য অধিকতর নিরাপদ করে তোলা

সমস্ত ওষুধপত্রেই অনাকাঙ্ক্ষিত পার্শ্ব-প্রতিক্রিয়া ঘটাতে পারে (কখনো বলা হয় ওষুধের বিরূপ প্রতিক্রিয়া)। অনেকগুলো পার্শ্ব-প্রতিক্রিয়া মৃদু হয়ে থাকে, কিন্তু কিছু খুব গুরুতর হতে পারে এবং এমন কি জীবনের পক্ষে বিপদজনক হতে পারে। কখনো কখনো একজন ব্যক্তি যখন কোনো ওষুধ নেওয়া বন্ধ করে দেয় তার পরেও পার্শ্ব-প্রতিক্রিয়া দেখা দিতে পারে। যতক্ষণ পর্যন্ত অনেক লোকে দীর্ঘ সময় ধরে ওষুধ না নিচ্ছে, ততক্ষণ কিছু পার্শ্ব-প্রতিক্রিয়ার ব্যাপারে জানা যায় না। সেই জন্যই ইয়েলো কার্ড স্কিম ব্যবহার করে সন্দেহজনক পার্শ্ব-প্রতিক্রিয়ার কথা লোকের জানানোটা গুরুত্বপূর্ণ।

যদি কোনো একটি লক্ষণকে পার্শ্ব-প্রতিক্রিয়া মনে করে আপনি উদ্বিগ্ন বোধ করেন, আপনার ডাক্তার বা ওষুধ-প্রস্তুতকারীর পরামর্শ নেওয়ার জন্য তাদের সাথে কথা বলুন।

### কী জানাতে হবে

ইউ কে তে আপনি যে কোনো ওষুধ বা প্রতিষেধক ভেদে এর সন্দেহজনক পার্শ্ব-প্রতিক্রিয়ার কথা জানাতে পারেন, তা আপনার ডাক্তারের ব্যবস্থাপত্র অনুসারেই হোক বা ব্যবস্থাপত্র ছাড়াই কেনা হোক। আপনি ঐসব পার্শ্ব-প্রতিক্রিয়ার কথা জানাতে পারেন যা হয়েছে :

- ♦ ব্যক্তিগতভাবে আপনার,
- ♦ আপনার সন্তানের, বা
- ♦ এমন কারো যে আপনার দায়ীত্বে আছে, বা এমন কারো যে তাদের পক্ষ থেকে আপনাকেই জানাতে বলে।

### ইয়েলো কার্ডের বিবরণ কীভাবে ব্যবহার হয় ?

দি মেডিসিন গ্যান্ড হেলথকেয়ার প্রোডাক্টস রেগুলেটরি এজেন্সি (এম এইচ আর এ) যারা ওষুধ নিচ্ছে তাদের কাছ থেকে এবং যারা পেশাদার স্বাস্থ্য-তত্ত্বাবধানকারী যেমন ডাক্তার, ওষুধ-প্রস্তুতকারী এবং শুশ্রূষাকারিণী তাদের কাছ থেকে ইয়েলো কার্ডের বিবরণ সংগ্রহ করে। ওষুধের ব্যবহার কীভাবে করা হবে এবং দ্রব্য-সংক্রান্ত তথ্য যেসব সতর্কীকরণ থাকে সে সব সমীক্ষা করার কাজে এম এইচ আর এ এই তথ্য ব্যবহার করবে।

### এম এইচ আর এ কী ?

এম এইচ আর এ ইউ কে সরকারের একটি অংশ। এর প্রধান উদ্দেশ্য হল জনসাধারণের স্বাস্থ্য সুরক্ষিত রাখা। ওষুধ ও ওষুধের উদ্ভাবনীগুলো ঠিকমতো কাজ করছে এবং স্বীকার করার মত নিরাপদ এসব সুনিশ্চিত করেই সেই কাজটা করা হয়। যখন কোনো সম্ভাব্য সমস্যা দেখা দেয়, এম এইচ আর এ জনসাধারণের সুরক্ষার জন্য চটপট ব্যবস্থা নেয়।

### ইয়েলো কার্ডের বিবরণ তৈরী করার তিনটি উপায় আছে

ইয়েলো কার্ড ইংরাজিতে সম্পূর্ণ করার প্রয়োজন আছে যাতে আপনি এমন কোনো লোকের সাহায্য চাইতে পারেন যে ইংরাজি লিখতে বা বলতে পারে। একজন স্বাস্থ্যসম্বন্ধিত পেশাদারও (যেমন একজন ডাক্তার, ওষুধ-প্রস্তুতকারী বা শুশ্রূষাকারিণী) আপনার জন্য ইয়েলো কার্ড এ বিবরণ দিতে পারে।

আপনার যদি ইন্টারনেট করার সুবিধা থাকে তাহলে [www.mhra.gov.uk/yellowcard](http://www.mhra.gov.uk/yellowcard) তে অন-লাইনের

ইয়েলো কার্ডের ফর্ম ব্যবহার করুন। এটাই হচ্ছে বিবরণ জানাবার সহজতম উপায়

একটি ইয়েলো ফর্ম সম্পূর্ণ করুন যা বিনা ডাক টিকেটে ডাকে দেওয়া যায়

নিঃশুল্ক দূরভাষ ০৮০৮ ১০০ ৩৩৫২ এ ইয়েলো কার্ড হটলাইনে দূরভাষ করুন

### আপনার ব্যক্তিগত তথ্য সুরক্ষিত রাখা

ব্যক্তিগত বিবরণ নিরাপদে, নিরাপত্তার সাথে ও গোপনীয় থাকে। আপনার প্রকাশ্য অনুমতি ব্যতিত ঐসব এম এইচ আর এ এর বাইরে কখনোই পাঠানো হবে না।



Medicines & Healthcare products  
Regulatory Agency

[www.mhra.gov.uk/yellowcard](http://www.mhra.gov.uk/yellowcard)

Use the Yellow Card app available in the [Apple App Store](https://www.apple.com/app/yellow-card/) or [Google Play](https://www.google.com/play/yellow-card/)